



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৭-০৯-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এ আরামবাগ ক্রীড়া সংঘ ফুটবল দলের বিভিন্ন খেলায় লাইভ বেটিং/স্পট ফিক্সিং/ম্যাচ ম্যানিপুলেশন/অনলাইন বেটিং এর সাথে সম্পৃক্ত থাকায় আরামবাগ ক্রীড়া সংঘের বিভিন্ন কর্মকর্তা/অফিসিয়াল ও খেলোয়াড়গণের বিষয়ে বাফুফে ডিসিপ্লিনারী কমিটির গৃহীত সিদ্ধান্তসমূহের উপর ভিত্তি করে আরামবাগ ক্রীড়া সংঘ এবং এর অভিযুক্ত কর্মকর্তা/অফিসিয়াল ও খেলোয়াড়গণের আপীলের প্রেক্ষিতে বাফুফে আপীল কমিটি কর্তৃক গত ২৬-০৯-২০২১ তারিখের অনুষ্ঠিত সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

- ১) আরামবাগ ক্রীড়া সংঘকে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত বহাল রেখে আরামবাগ ক্রীড়া সংঘকে প্রথম বিভাগ ফুটবল লীগে অবনমনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
- ২) আরামবাগ ক্রীড়া সংঘের যে সকল কর্মকর্তা/অফিসিয়ালদের বিরুদ্ধে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক যে সকল শাস্তিমূলক সিদ্ধান্ত গৃহীত হয়েছে তা বহাল রাখার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
- ৩) খেলোয়াড়গণের খেলোয়াড়ী ক্যারিয়ারের বিষয় বিবেচনায় রেখে যে সকল খেলোয়াড়গণ বাফুফে আপীল কমিটির নিকট আপীল করেছে তাদের সকলের শাস্তি কমিয়ে আগামী ১ (এক) বছর পর্যন্ত অর্থাৎ আগামী ২৫ সেপ্টেম্বর ২০২২ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট সকল খেলোয়াড়গণকে ফুটবল সংশ্লিষ্ট সকল কার্যকলাপ হতে নিষিদ্ধ রাখার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বিশেষভাবে উল্লেখ্য যে, যে সকল খেলোয়াড় বাফুফে আপীল কমিটি বরাবর আপীল করেছেন তবে আপীল ফি প্রদান করেননি (জনাব আপেল মাহমুদ জার্সি নং-৩৪, জনাব আবুল কাশেম মিলন জার্সি নং-১, জনাব মোঃ রকি জার্সি নং-২৪, জনাব মোঃ জাহিদ হোসেন জার্সি নং-১৯, জনাব মোঃ মোস্তাফিজুর রহমান সৈকত জার্সি নং-৪, জনাব মোঃ শামীম রেজা জার্সি নং-৫ ও জনাব মোঃ ওমর ফারুক জার্সি নং-১৭) তারা আগামী ২ (দুই) সপ্তাহ অর্থাৎ ০৯ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে বাফুফের হিসাব শাখায় আপীল ফি জমা প্রদান করতঃ উল্লেখিত সিদ্ধান্তের সুবিধা গ্রহণ করতে পারবেন, অন্যথায় তাদের জন্য বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক পূর্বে গৃহীত সিদ্ধান্ত বহাল থাকবে।

খালিদ মাহমুদ নওমী

মিডিয়া এক্সিকিউটিভ

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।